

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৩২

১/ বিবিধ

আরবী

إن الله نظر في قلوب العباد فلم يجد قلبا أنقى من أصحابي، ولذلك اختارهم، فجعلهم أصحابا، فما استحسنوا فهو عند الله حسن، وما استقبحوا فهو عند الله قبيح
موضوع

رواه الخطيب (4 / 165) من طريق سليمان بن عمرو النخعي: حدثنا أبان بن أبي عياش وحميد الطويل عن أنس مرفوعا. وقال: "تفرد به النخعي". قلت: وهو كذاب كما سبق مرارا، أقربها الحديث (529) ولهذا قال الحافظ ابن عبد الهادي: "إسناده ساقط، والأصح وقفه على ابن مسعود". نقله في "الكشف" (2 / 188) ويعني بالموقوف الحديث الآتي: "ما رأى المسلمون حسنا فهو عند الله حسن، وما رآه المسلمون سيئا فهو عند الله سيء"

বাংলা

৫৩২। আল্লাহ তা'আলা বান্দাদের হৃদয়গুলোতে দৃষ্টি দিলে আমার সাথীদের চেয়ে পরিষ্কার পরিচ্ছন্ন হৃদয় আর কারো পাননি। যার জন্য আল্লাহ তাদেরকে চয়ন করে আমার সাথী বানিয়ে দিয়েছেন। অতএব তারা যা কিছু উত্তম মনে করেছে তাই আল্লাহর নিকট উত্তম। আর তারা যা কিছুকে মন্দ জেনেছে তাই আল্লাহর নিকট মন্দ।

হাদীছটি জাল।

এটি আল-খাতীব (৪/১৬৫) সুলায়মান ইবনু আমর আন-নাখ'ঈ সূত্রে আবান ইবনু আবী আইয়াশ হতে তিনি হুমায়েদ আত-তাবীল হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করে বলেছেনঃ নাখ'ঈ এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক, বার বার তা উল্লেখ করা হয়েছে। নিকটবর্তী হাদীছটি হচ্ছে (৫২৯)। এ জন্যই হাফিয় ইবনু আবদিল হাদী বলেছেনঃ তার সনদটি সাকেত (নিষ্কিণ্ড)। সঠিক হচ্ছে এই যে, এটি আব্দুল্লাহ ইবনু মাসউদ হতে মওকুফ হিসাবে সহীহ। এটিকে “আল-কাশফ” (২/১৮৮) গ্রন্থে উল্লেখ করা হয়েছে। মওকুফ হাদীছটি নিম্নরূপঃ (দেখুন পরের হাদিস)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71411>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন